

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

চেয়ারম্যানের কার্যালয়

নিম্নতম মজুরী বোর্ড

নাভানা শাহ পোরশিয়া (১৪তম তলা) ৪০, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ই-মেইল : chairman\_mwbdhaka@yahoo.com

Website-www.mwb.gov.bd

নম্বর: ৪০.০৪.০০০০.০০০.০০১.১১.০০০১.২৩-১৮

তারিখ: ০১ আষাঢ় ১৪৩৩  
১৫ জুন ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন নিম্নতম মজুরী বোর্ডের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির আবেদনের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জা:বে:স্কেল ২০১৫) অনুযায়ী	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১.	অফিস সহায়ক (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/-	অনূর্ধ্ব ৩২ বছর	০১ (এক) টি	কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

### নিয়োগ সংক্রান্ত শর্তাবলি :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আগ্রহী প্রার্থীগণকে বিজ্ঞপ্তি প্রচারের তারিখ হতে আগামী ১৬ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ বিকেল ৪.০০ ঘটিকার মধ্যে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, নাভানা শাহ পোরশিয়া (১৪তম তলা), ৪০, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর আবেদন দাখিল করতে হবে। খামের উপর প্রেরক ও প্রাপকের পূর্ণাঙ্গ নাম ও ঠিকানা এবং নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- নির্ধারিত আবেদন কম্পিউটার কম্পোজ বা স্বহস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে।
- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির আবেদন ফরম নিম্নতম মজুরী বোর্ডের ওয়েবসাইট [www.mwb.gov.bd](http://www.mwb.gov.bd) হতে ডাউনলোড করা যাবে। আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীর বয়স ০১ জুন ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে। কোনোক্রমেই বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে :
  - আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
  - শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও কোটা সংক্রান্ত প্রযোজ্য সকল সনদের সত্যায়িত অনুলিপি।
  - জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি।
  - ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।
  - প্রার্থীদের পরীক্ষার ফি বাবদ অফিস সহায়ক পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ১৩১০৪০১১১৮৮১৮ নম্বর কোডে চালানের মাধ্যমে জমাদানপূর্বক চালানের মূলকপি আবেদনের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।
  - প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনের সাথে নিজের নাম ও ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাক টিকেট লাগানো ১টি ১০'x৫' সাইজের ফেরৎ খাম প্রদান করতে হবে।
- সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সীল থাকতে হবে।
- মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।
- কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ জারিকৃত নীতিমালা অনুসরণ করা হবে।
- অফিস সহায়ক পদে “শ্রম অধিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, শ্রম আদালত এবং শ্রম আপীল ট্রাইব্যুনাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২” অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে।
- কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি, এ/ডি, এ প্রদান করা হবে না।

*Rainaldrom*  
২৫.৬.২০২৬

(রাইসা আফরোজ) সচিব

ও

সদস্য-সচিব

বিভাগীয় নির্বাচন কমিটি  
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।